



বুকে কষ্ট নিয়ে ভোটের ফলাফল মেনে নিয়েছি: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

নির্বাচনের ফলাফল মেনে নেওয়ার কথা জানিয়ে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, এতে তাদের কষ্ট থাকলেও গণরায়কে সম্মান জানানো হয়েছে।

শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) সিলেটে আয়োজিত দলীয় ইফতার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি স্পষ্ট করে বলেন, জামায়াত কোনো অনুগত বিরোধী শক্তি হবে না। সরকারের ইতিবাচক উদ্যোগকে সমর্থন করা হবে, তবে অনিয়ম-অন্যায় দেখলে প্রতিবাদ জানানো হবে এবং প্রয়োজন হলে কঠোর অবস্থান নেওয়া হবে।

সরকারের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, বিরোধী দলকে দমনের পথ না নিয়ে দুর্নীতি ও চাঁদাবাজির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিলে পাঁচ বছরের মধ্যেই দেশের চিত্র বদলে যেতে পারে।

ইফতার মাহফিলে বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মী এবং নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।